

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.২৭.৪৪১.১৬.১৭

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

বিষয়: মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত **Civil Miscellaneous Petition No. 735/2021** এর গত ১৪ ডিসেম্বর ২০২১ তারিখের রায়/আদেশের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ।

সূত্র: জনাব গোলাম হারোয়ার ফোরকান, আমতলী, বরগুনা'র স্বাক্ষরিত আবেদন; তারিখ: ১৫ ডিসেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩১ মার্চ ২০১৯ তারিখে জনাব গোলাম হারোয়ার ফোরকান বরগুনা জেলার আমতলী উপজেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হয়। অতঃপর নির্বাচনী মোকদ্দমা নং-১/২০১৯, বরগুনা, নির্বাচনী আপিল নং ০১/২০২১ এবং রিট পিটিশন নং-৭৬৮৯/২০২১ মূলে তার চেয়ারম্যান পদ বাতিল করে। যার প্রেক্ষিতে নির্বাচন কমিশন ২৬ অক্টোবর ২০২১ তারিখে গেজেটের মাধ্যমে তার চেয়ারম্যান পদ শূন্য ঘোষণা করে। উক্ত শূন্য ঘোষণার আদেশের বিরুদ্ধে মাননীয় আপিল বিভাগে **Civil Miscellaneous Petition No. 735/2021** দায়ের করলে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে শুনানীতে ০৪ (চার) সপ্তাহের স্থগিতাদেশ প্রদানপূর্বক নিম্নরূপ রায়/আদেশ প্রদান করেছেন:

“Stay, as prayed for, is granted for 4(four) weeks. In the meantime, the petitioner is directed to file regular leave petition.”

০২। এমতাবস্থায়, মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত **Civil Miscellaneous Petition No. 735/2021** এর গত ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে রায়/আদেশের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১৪ ডিসেম্বর ২০২১ তারিখের রায়/আদেশের কপি।



১৫-১-২০২২

মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব

বিতরণ :

- ১) সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ২) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.২৭.৪৪১.১৬.১৭/১(৮)

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ২) জেলা প্রশাসক, বরগুনা।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা।
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।
- ৮) জনাব গোলাম হারোয়ার ফোরকান, আমতলী, বরগুনা।



১৫-১-২০২২

মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব